

শিক্ষক সংবাদ

বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের সংবাদ সম্মেলন

জাতীয় শিক্ষা আইন সংশোধনের দাবি

নিম্ন প্রতিবেদক ▶

গত ২৫ আগষ্ট রবিবার সকাল ১০টায় বাংলাদেশ শিক্ষক সমিতির নেতনবাগিচার কেন্দ্রীয় কার্যালয়ে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের উদ্যোগে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ঐক্য পরিষদের অন্যতম আহ্বায়ক ড. নূর মোহাম্মদ জালুকদার। লিখিত বক্তব্যে গত ০৫ আগষ্ট ২০১৩ তারিখে জাতীয় শিক্ষানীতি ২০১০-এর সুপারিশের আদ্যে জাতীয় শিক্ষা আইন ২০১৩-এর খসড়া প্রণয়ন করে ২৫-০৮-২০১৩ তারিখেই মধ্যে মতামত ও পরামর্শ দেওয়ার জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এই আইনের বিভিন্ন ধারা ও উপধারা সম্পর্কে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের পক্ষ থেকে লিখিত মতামত প্রকাশের জন্য জাতীয় শিক্ষা আইন ২০১৩ পর্যালোচনা করা হয়। আইনের কিছু ধারা, উপধারা এবং তফসিল ১-এ শিক্ষা ও শিক্ষক

স্বার্থবিরোধী বলে মান করে শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ। তার বক্তব্যে, আইনের ধারা ৫৮-এর বিভিন্ন উপধারায় ও তফসিল-১ : অপরায় ও পাঠির ক্ষেত্রে শিক্ষার মেরুদণ্ড শিক্ষক সমাজের মর্যাদার বিষয়টি মোটেও আনলে নেওয়া হয়নি। অপরায় ও কঠোর শাস্তির বিধান, Summary Trial-এর মাধ্যমে পাঠির ব্যবহার কথা উল্লেখ থাকায় এবং বিভিন্ন কারণে কেউন-ডাটা বক্তের বিধানের অন্য শিক্ষক-কর্মচারীরা হত্যা, ফুট ও অপমানিত বোধ করছেন। এ ছাড়া উল্লেখ্যে কোনো অনস্বার্থবিরোধী সরকার ক্ষমতায় এলে এসব ধারা, উপধারা এবং পাঠির বিধানের অপপ্রয়োগ করে শিক্ষক-কর্মচারীদের নানাভাবে হেনস্থা করবে। তাই জাতীয় শিক্ষা আইন ২০১৩-এর শিক্ষা ও শিক্ষক-কর্মচারী স্বার্থবিরোধী বিভিন্ন ধারা, উপধারা এবং তফসিল ১ সংশোধন করার জন্য উদ্যোগ আহ্বান জানানো হচ্ছে। সংবাদ সম্মেলনে উপস্থিত সুপারিশ ও মতামত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাঠানো হয়েছে।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ঐক্য পরিষদের অন্যতম আহ্বায়ক অধ্যক্ষ মো. গাহজাহান আলম মাস্তুল, বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ঐক্য পরিষদের সমন্বয়কারী রঞ্জিত কুমার মাহা, বাংলাদেশ কলেজ-বিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ঐক্য পরিষদের সমন্বয়কারী অধ্যক্ষ মোহাম্মদ জাহাঙ্গীর এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সহসভাপতি মো. বজলুর রহমান নিয়া, বাংলাদেশ কলেজ-বিদ্যালয় শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য অধ্যক্ষ আবু বকর জৌধুরী, বাংলাদেশ শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক আবুল কাশেম, অর্থ সম্পাদক মুহাম্মদ শহীদুল্লাহ, সহসাধারণ সম্পাদক আলী আমরুল হাওলাদার, মো. কাওছার আলী শেখ, বাংলাদেশ কলেজ-বিদ্যালয় শিক্ষক সমিতির ঢাকা মহানগরীর সাধারণ সম্পাদক অধ্যাপক মো. নিজামুর রহমান মঞ্জুরমদার, কর্মচারী নেতা মো. গাহজাহান খান, চখরুদ্দিন জিগার প্রমুখ।